

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুলাই ১, ২০০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ২৮শে জুন, ২০০১/১৪ই আষাঢ়, ১৪০৮

এস.আর.ও নং ১৭৩ আইন/২০০১—Gur, Sugar and Sugar Products (Manufacture and Movements) Control Order 1956 এর paragraph 6 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উক্ত paragraph এর উদ্দেশ্য পূরণকল্পে, ১৭ই আষাঢ়, ১৪০৮ বাং মোতাবেক ১লা জুলাই, ২০০১ ইং তারিখ হইতে ১৭ই জ্যৈষ্ঠ, ১৪০৯ বাং মোতাবেক ৩১শে মে ২০০২ ইং পর্যন্ত আখ মাড়াইকল (sugarcane apparatus) ব্যবহার সংক্রান্ত নিষেধাজ্ঞার সময়কাল নির্ধারণ করিল।

২। উক্ত সময়কালে অত্র মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং-এসআরও ২৬২ -আইন/৯৪, তারিখ ১৫ই ভাদ্র ১৪০১ বাং মোতাবেক ৩০শে আগস্ট, ১৯৯৪ (সময় সময় সংশোধিত) দ্বারা ঘোষিত আখ এলাকাগুলিতে (zone) কোন ব্যক্তি সুগার ফ্যাক্টরী ব্যতীত অন্য কোথাও কোন আখ মাড়াইকল (sugarcane apparatus) ব্যবহার করিতে পারিবেন না এবং এতদুদ্দেশ্যে কোন আখ মাড়াইকল ক্রয়, ভাড়া বা অন্য কোনভাবে অর্জন করিতে বা রক্ষণ করিতে পারিবেন না।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোঃ সারোয়ারুজ্জামান
উপ-সচিব।

আবদুর রহমান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৩১৬১)

মূল্য : টাকা ১.০০